

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ : ২৯ ফাল্গুন ১৪১৮
১২ মার্চ ২০১২

স্মারক নং-শিম/শাঃ ১১/১-১০(কমিটি-নীতিমালা)/২০১২/১৮৩

বিষয় : নির্বাহী কমিটির মাধ্যমে শিক্ষক নিয়োগ সংক্রান্ত।

সূত্র : (ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর স্মারক নং- ৪/এস/৩৯/২৬২,
তারিখ : ৯.০৮.২০১১ খ্রিঃ।

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর স্মারক নং-২/কল/পাব/১২১৪/৩১৬,
তারিখ : ০১.০১.২০১২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর ৪৮ বিধি শুধুমাত্র নতুন স্থাপিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য। পাবনা জেলার ঈশ্বরদী উপজেলাধীন বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয় এবং পাবনা জেলার সদর উপজেলাধীন নজরুল ইসলাম (হাবু) স্কুল এন্ড কলেজ, প্রতিষ্ঠান দু'টির কোনটিই নতুন প্রতিষ্ঠান নয়, স্তর উন্নীতকরণ করা হয়েছে মাত্র।

২। এমতাবস্থায়, প্রতিষ্ঠান দু'টিতে নির্বাহী কমিটি গঠন বিধিসম্মত হয়নি মর্মে প্রতীয়মান।

৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর ৪৮ বিধি অনুসরণে যথাযথভাবে গঠিত নির্বাহী কমিটি শিক্ষক/জনবল নিয়োগ কার্যক্রম করতে পারবে।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫০৩৪১

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।

স্মারক নং-শিম/শাঃ ১১/১-১০(কমিটি-নীতিমালা)/২০১২/১৮৩

তারিখ : ২৯ ফাল্গুন ১৪১৮
১২ মার্চ ২০১২

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা/দিনাজপুর/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/যশোর/বরিশাল।
- ২। উপ-পরিচালক (সকল অঞ্চল)।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
সিনিয়র সহকারী সচিব